## 96273 - বাধ্যগত শুচবিায়ু (OCD) কি এমন কোন দোষ যে, বয়িরে পাত্রকে জানানো আবশ্যক?

প্রশ্ন

যে ময়েে বাধ্যগত শুচবিায়ু কংিবা অন্য কোন শুচবিায়ুতে আক্রান্ত; কন্িতু সে কাউকে বষিয়টি না জানায়নি। আল্লাহ্ ছাড়া অন্য কউে তার মনরে বষিয়টি জানে না। সে প্রাণান্তকরভাবে এই কুমন্ত্রণাকে রোধ করার চষ্টো করে যাচ্ছে। এখন যদি কোনে ব্যক্তি তাকে বয়িরে প্রস্তাব দয়ে সে কি তাকে বষিয়টি জানাবে; নাকি গোপন রাখবে? বশিষেতঃ তাকে জানালে এটি তার আরোগ্য লাভরে ক্ষত্রেে প্রতবিন্ধক হতে পারে। কনেনা এটি আরো বাড়বে...। ফাযলিাতুশ শাইখ, আপনি এ ময়েকেে কী উপদশে দবিনে? কোন কোন দোষগুলো পাত্ররে জানা আবশ্যকীয়?

প্রয়ি উত্তর

আলহামদু লল্লিাহ।.

এক:বাধ্যগত শুচবিায়ু ও অন্যান্য শুচবিায়ুর চকিৎিসা হচ্ছে যকিরি ও ইবাদতরে মাধ্যমে এবং শুচবিায়ুকে ভুলে থাকা ও গুরুত্ব না দয়োর মাধ্যমে। ক্ষত্রে বশিষে মনোরোগ বশিষেজ্ঞরে শরণাপন্ন হওয়ার প্রয়োজন হতে পারে।

ফকিাহবদিদরে দুটো অভমিতরে মধ্যে অগ্রগণ্য অভমিত হচ্ছে— প্রত্যকে এমন দোষ যা বয়িরে উদ্দশ্যেকে নষ্ট করে এবং স্বামী-স্ত্রীর একে অপররে মধ্যে দূরত্ব তরৈী করে; সইে দোষ জানানো আবশ্যক। সইে দোষ গোপন রাখার পর প্রকাশ পলেে বয়িে ভঙ্গেে দয়োর এখতয়িার সাব্যস্ত হয়।

ইবনুল কাইয়্যমে (রহঃ) বলনে: “কয়িাস হচ্ছে প্রত্যকে এমন দোষ যা স্বামী-স্ত্রীর একজনকে অপরজন থকেে দূরে সরয়িে রাখে ও বয়িরে উদ্দশ্যে তথা দয়া ও সহমর্মতিা অর্জতি হতে দয়ে না সটেি (বয়িে বচ্ছিদেরে) এখতয়িারকে আবশ্যক করে”।[যাদুল মাআদ (৫/১৬৬)]

তনিি আরও বলনে: “যে ব্যক্তি সাহাবায়ে করোম ও সালাফদরে ফতোয়াগুলো ভবেে দখেবনে তনিি পাবনে যে তারা বয়িে প্রত্যাহার করাকে কোন কোন দোষ বাদ দয়িে কোন কোন দোষরে সাথে বশিষ্টি করনেনি।”

তনিি আরও বলনে: “যদি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পণ্যরে দোষ গোপন করাকে বক্রিতোর জন্য হারাম করে থাকনে এবং যে ব্যক্তি কোন দোষ জনেে থাকনে সটো ক্রতোর কাছে গোপন করাকে হারাম করে থাকনে তাহলে বয়িরে ক্ষত্রেে দোষ গোপন করার বষিয়টি কমেন হতে পারে! যখন ফাতমো বনিতে কাইস (রাঃ) মুয়াবয়িা (রাঃ) কংিবা আবুল জাহমরে

(রাঃ) সাথে বিয়ের ব্যাপারে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে পরামর্শ চান তখন তিনি বলেন: ‘মুয়াবিয়া কপর্দকহীন; তার কোন সম্পদ নাই। আর আবু জাহম তার কাঁধ থেকে লাঠি নামায় না।’ এর থেকে জানা গেল যে, বিয়ের ক্ষেত্রে দোষ প্রকাশ করা অধিক যুক্তিযুক্ত ও অধিকতর আবশ্যকীয়। সুতরাং কিভাবে দোষ গোপন করা, কলাকৌশল করা ও নিষিদ্ধ ধোকা দেয়া বিয়ে অনিবার্য হওয়ার কারণ হবে এবং এই দোষকে তার সঙ্গির কাঁধে অনিবার্য শিকল হিসেবে ঝুলিয়ে দেয়া হবে; অথচ সে এই দোষের প্রতি চরমভাবে বীতশ্রদ্ধ।”[যাদুল মাআদ (৫/১৬৮) থেকে সমাপ্ত]

পূর্বোক্ত আলোচনার প্রেক্ষিতে যে নারী শুচিবায়ুগ্রস্ত তার অবস্থা দেখতে হবে: যদি এই শুচিবায়ু তার স্বামীর স্বার্থসমূহ রক্ষায় প্রতিবন্ধক হয় এবং তার সাথে জীবনযাপন করা থেকে স্বামীকে বীতশ্রদ্ধ করে তাহলে এ ব্যাপারে স্বামীকে অবহিত করা আবশ্যক। এই জানানোটা তাকে না-জানিয়ে ধোকা দেয়ার চেয়ে উত্তম। পরবর্তীতে হতে পারে স্বামী বিচ্ছেদে করতে যাবে কিংবা দোষটি গোপন করার কারণে স্ত্রীকে অপছন্দ করবে।

আর যদি তার শুচিবায়ু তার স্বামীর সাথে সংসার করতে কোন প্রভাব ফেলার পর্যায়ে না হয় এবং তার প্রতি স্বামীকে বীতশ্রদ্ধ করার পর্যায়ে না হয় তাহলে এটি কোন দোষ নয় এবং পাত্রীর এ অবস্থা সম্পর্কে পাত্রকে অবহিত করা অনিবার্য নয়।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।